দৈনিক খবর

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...15 OCT 1988...
পৃষ্ঠা ... কলাম ...

03

ওআইসি তথ্যমন্ত্রী সম্মেলন

# অবাধ তথ্য প্রবাহ প্রশ্নে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া হয়েছেঃ মাহবুব

জেদ্দায় অনুষ্ঠিত ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) প্রথম তথ্যমন্ত্রী সম্মেলনে যোগদান শেষে তথ্যমন্ত্রী মাহবুবুর রহমান গতকাল শুক্রবার ঢাকা ফিরেছেন। সম্মেলনে তিনি পাঁচ সদস্যের বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব করেন। বাসস জানায়, ঢাকায় ফিরে জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে তিনি সাংবাদিকদের বলেন যে, সম্মেলনে ওআইসি সদস্য দেশের মধ্যে অবাধে তথ্য প্রবাহ ও সংবাদ প্রচারের ব্যাপারে কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও জরুরী পরিকল্পনা নেয়া হয়েছে। বাদশাহ ফাহদ তাঁর উদ্বোধনী ভাষণে এসব সিদ্ধান্ত বাস্তবায়নে তাঁর পূর্ণ সহযোগিতা ও পৃষ্ঠপোষকতার আশ্বাস দিয়েছেন।

৭-এর পাতায় দেখুন

## অবাধ তথ্য প্রবাহ

প্রথম পৃষ্ঠার পর

তথ্যমন্ত্রী বলেন যে, বাদশাহ ফাহদ সুস্পষ্ট করে বলেছেন যে, কেবলমাত্র তাঁর দেশ অথবা বিশেষ কোন মহলের জন্যে নয়, তিনি গোটা ইসলামী উম্মাহর কল্যাণ ও স্বার্থরক্ষার উদ্যোগের পাশে থাকবেন।

তথ্যমন্ত্রী মাহবুবুর রহমান বলেন যে, সম্মেলনের অন্যান্য সকল দেশের প্রতিনিধি দলের মন্ত্রী ও কর্মকর্তারা সাম্প্রতিক বন্যার কথা উল্লেখ করে বাংলাদেশের মানুষের কুশল জানতে চেয়েছেন। তিনি বলেন, 'বাংলাদেশের প্রতি অন্যান্য মুসলিম দেশের সম্প্রীতি ও শ্রদ্ধা রয়েছে। তারা কেবলমাত্র বাংলাদেশে অবিলম্বে পুনর্বাসন-পুনর্গঠনই নয়, বন্যা সমস্যার একটি স্থায়ী সমাধানের ব্যাপারে সহানুভূতিশীল।'

মন্ত্রী জানায় যে, সম্মেলনে ওআইসি সদস্য দেশের মধ্যে টিভি সংবাদ বিনিময়ে 'এশিয়া ভিশন' ও 'ইউরোভিশনের' লাইন অনুযায়ী একটি 'ইসলাম ভিশন' প্রতিষ্ঠার প্রস্তাব পরীক্ষা করে দেখার জন্য গৃহীত হয়েছে। এই প্রস্তাবের উদ্যোক্তা মালয়েশিয়া এ ব্যাপারে একটি 'টেকনিক্যাল রিপোর্ট' পেশ করবে।

বাদশাহ ফাহদের সঙ্গে সংক্ষিপ্ত বৈঠকের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন যে, তিনি বন্যার্তদের প্রতি সাহায্য সহানুভূতির জন্যে বাদশাহ ফাহদকে রাষ্ট্রপতি এরশাদ ও বাংলাদেশের জনগণের কৃতজ্ঞতার কথা জানিয়েছেন। মন্ত্রী বাদশাহ ফাহদকে রাষ্ট্রপতি এরশাদের বাংলাদেশ সফরের আমন্ত্রণের কথা মনে করিয়ে দিয়েছেন। বাদশাহ একটি সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের ইচ্ছা ব্যক্ত করেছেন।

তথ্যমন্ত্রী বলেন যে, সম্মেলনে বাংলাদেশ তার গঠনমূলক ভূমিকার ভূয়সী প্রশংসা পেয়েছে।